Civil Services (Main)
Examination- 2025

**SLPM-C-BNGL**

# বাংলা / BENGALI

## ( আবশ্যিক ) / ( Compulsory )

| | |
|---|---|
| সময় : 3 ঘন্টা<br>Time Allowed : **Three** Hours | পূর্ণাঙ্ক : **300**<br>Maximum Marks : **300** |

### প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী

***উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন :***

*প্রতিটি প্রশ্নের উত্তর দিতে হবে।*

*প্রশ্ন / প্রশ্নাংশের জন্য নির্ধারিত মুল্য দেওয়া হয়েছে।*

*অন্য কোনো নির্দেশ না থাকলে প্রশ্নের উত্তর **বাংলা (বাংলা লিপি)** অক্ষরে লিখতে হবে।*

*কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে। উত্তরের শব্দসংখ্যা নির্দিষ্ট শব্দসংখ্যার চেয়ে খুব বেশি বা খুব কম হলে নম্বর কাটা যাবে।*

*প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠ বা পৃষ্ঠার অংশ খালি থাকলে পরিষ্কারভাবে কেটে দিতে হবে।*

### Question Paper Specific Instructions

***Please read each of the following instructions carefully before attempting questions :***

*All questions are to be attempted.*

*The number of marks carried by a question / part is indicated against it.*

*Answers must be written in **BENGALI (Bengali script)** unless otherwise directed in the question.*

*Word limit in questions, wherever specified, should be adhered to and if answered in much longer or shorter than the prescribed length, marks may be deducted.*

*Any page or portion of the page left blank in the Question-cum-Answer (QCA) Booklet must be clearly struck off.*

**Q1. নিম্নলিখিত যে কোনও *একটি* বিষয়ে 600 শব্দের প্রবন্ধ রচনা করুন :** *100*

(a) ভারতীয় জ্ঞান-পরম্পরার প্রাসঙ্গিকতা

(b) বিশ্বযুদ্ধের ক্রমবর্ধিত সংকট

(c) ডিজিটাল আদানপ্রদানের সুবিধা

(d) খেলাধুলোয় ভারতীয় মহিলাদের অংশগ্রহণের অগ্রগতি

**Q2. নিম্নলিখিত গদ্যাংশটি মনোযোগ দিয়ে পড়ুন এবং যে-সকল প্রশ্ন পরে করা হয়েছে তার উত্তর সংক্ষেপে, স্পষ্ট ও শুদ্ধ ভাষায় লিখুন :** *12×5=60*

জীববৈচিত্র্য হল বিশ্বের জীবিত প্রজাতির বিভিন্ন ধরন, যাতে তার বংশগতি সংক্রান্ত ভিন্নতা এবং তার দ্বারা তৈরি হয় পরিবেশতন্ত্রের গোষ্ঠী। জীবনের এই বৈচিত্র্য বর্তমানে ভয়ঙ্কর বিপদের সম্মুখীন। বৈজ্ঞানিকরা এ ব্যাপারে সহমত যে আগামী এক-চতুর্থাংশ শতকে ক্রান্তিয় বনভূমির ক্ষতি এবং অস্থিরতার কারণে পাঁচ থেকে দশ শতাংশ ক্রান্তিয় বনভূমির প্রজাতি হারিয়ে যাবে।

প্রজাতি বিলুপ্ত হওয়ার সংকট শুধু ক্রান্তিয় বনভূমির মধ্যেই সীমাবদ্ধ নয়, নদী অবরুদ্ধ হওয়া এবং জলে বিদেশি প্রজাতি আসার ফলে নাটকীয় ভাবে বদলে যাচ্ছে মিঠা জলের জীববৈচিত্র্য। মহাসাগরীয় দ্বীপ, যেখানে বিগত কয়েক হাজার বছরে অধিকাংশ জীবের বিলুপ্তি ঘটেছে – আর এখানেই রয়েছে পৃথিবীর সবচেয়ে বেশি বিপদাপন্ন পরিবেশতন্ত্র।

প্রজাতি, জীববৈচিত্র্য ও পরিবেশতন্ত্রের ভয়ঙ্কর ক্ষতি প্রজন্মের পর প্রজন্ম ধরে এর মূল্য দিতে বাধ্য থাকবে। আজ যে প্রজাতি লুপ্তপ্রায় এক সময় তারও ছিল অজানা খাদ্য, চিকিৎসা ও শিল্পসমূল্য। পরিবেশতন্ত্র জনসংখ্যা সংরক্ষণে নিজের ক্ষমতা হারিয়ে ফেলছে এবং তার ক্ষতির কারণে হচ্ছে ভূমিক্ষয়, জলের লবণাক্তকরণ, স্থানীয় জলবায়ুর পরিবর্তন, মরুকরণ ও উৎপাদন ব্যবস্থার ক্ষতিসাধন।

জীবসম্পদের মূল্য নির্ধারণের জন্যে রয়েছে তিনটি প্রধান প্রয়োগকৌশল। উপভোগের ব্যবহারিক মূল্যে যুক্ত রয়েছে সম্পদের মূল্য নিরূপণ। যেমন – জ্বালানি কাঠ, গবাদি পশুর খাদ্য ও শিকার করা মাংস যা বাজার থেকে না নিয়ে সরাসরি গ্রহণ করা হয়। উৎপাদনের ব্যবহারিক মূল্যের সঙ্গে জড়িয়ে রয়েছে বস্তুর মূল্য নির্ধারণ যা বাণিজ্যিক ভাবে উৎপন্ন হয় এবং বাজারে বিক্রি হয়। যেমন – কাঠ, মাছ, মাংস, মধু ও ভেষজ উদ্ভিদ। উপভোগহীনতার মূল্যের সঙ্গে জড়িয়ে রয়েছে পরিবেশতন্ত্র পদ্ধতির প্রত্যক্ষ মূল্য। যেমন – জলাধার সংরক্ষণ, সালোক-সংশ্লেষ, জলবায়ু নিয়ন্ত্রণ ও ভূমিজ উৎপাদন। আর তার সঙ্গে জড়িয়ে থাকা নির্দিষ্ট প্রজাতিদের জীবিত থাকার জ্ঞানজনিক আনন্দ।

নীতি নির্মাতাগণ প্রায়ই উৎপাদনজনিত ব্যবহারিক মূল্যকে বেশি গুরুত্ব দেন। কারণ সেগুলি বৃহৎ শিল্পের সঙ্গে যুক্ত। যেমন – বন সৃজন, মৎস্য উৎপাদন যা বাজারের সঙ্গে যুক্ত আর তাই জাতীয় আয়ের মধ্যে প্রতিফলিত।

(a) জীববৈচিত্র্য বলতে কী বোঝানো হয়েছে? 12

(b) বিলুপ্তিজনিত সংকট কী? 12

(c) প্রজাতি ও জীবগত বৈচিত্র্যের ক্ষতি কীভাবে বিপদ ডেকে আনছে? 12

(d) উপভোগহীনতা বা পরিহারের ব্যবহারজনিত মূল্য নির্ধারণ বলতে কী বোঝানো হয়েছে? 12

(e) কোন মূল্য নির্ধারণটি নীতি নির্মাতাদের দ্বারা সবচেয়ে বেশি প্রশংসিত এবং কেন? 12

**Q3. নিম্নলিখিত অনুচ্ছেদের সারাংশ নিজের ভাষায় এক-তৃতীয়াংশ শব্দে লিখুন। অনুচ্ছেদের কোনও শীর্ষক দেবার প্রয়োজন নেই।** 60

যদি আমরা আনন্দ কী তা জানতে চাই, তবে আমাদের তা কোনও কাল্পনিক জগতে নয়, খুঁজতে হবে সেই মানুষদের মধ্যে, যাঁরা সমৃদ্ধভাবে ও পূর্ণভাবে একটি ভালো জীবন কাটাচ্ছেন। যদি তুমি কোনও প্রকৃত সুখী মানুষকে পর্যবেক্ষণ করো তাহলে তুমি তাঁকে দেখবে কোনও নৌকা নির্মাণ করতে, কোনও ঐকতান রচনা করতে, তাঁর পুত্রকে পড়াতে, তাঁর বাগানে সুন্দর ফুল ফোটাতে। তিনি কোনও দুর্লভ বস্তুর ক্বচিৎ প্রাপ্তির মধ্যে আনন্দ খুঁজবেন না। তিনি এ বিষয়ে সচেতন হবেন যে তিনি সুখী, কারণ তিনি দিনের চব্বিশ ঘন্টাই ব্যস্ততায় কাটান।

কোনও মানুষই তাঁর নিজস্ব কাজ নিয়ে সুখী থাকতে পারেন না, যা কেবল তাঁর ব্যক্তিগত ব্যাপারেই কেন্দ্রীভূত এবং যা শুধু তাঁর নিজস্ব তৎকালিক প্রয়োজনেই সীমায়িত। একইভাবে কেউই সম্পূর্ণরূপে সুখী হতে পারেন না সেই সামাজিক সম্পর্কে, যা কেবল নিজের উপর ও নিজের তাৎক্ষণিক, সংকীর্ণ ক্ষেত্রগুলিকে গুরুত্ব দেয়। আনন্দ পেতে হলে আমাদের তা খুঁজতেই হবে নিজের বাইরে।

যদি তুমি কেবল নিজের জন্যেই বাঁচো তবে আমৃত্যু বিরক্ত হয়ে নিজেরই দৃষ্টি ও আগ্রহের পুনরাবৃত্তির কারণে তুমি সর্বদাই আশু বিপদে থাকবে। বৃহত্তর মানবিক আনন্দের জন্য কোনও সুযোগ খুঁজে সেখানে নিজেকে যুক্ত করো। নিজের অহংকে চারপাশের মানুষের কাজে সমর্পণ না করা পর্যন্ত কেউ-ই বাঁচার আসল তাৎপর্য বুঝতে পারে না। যদি তোমার উচ্চাকাঙ্ক্ষার জন্য গর্ব থাকে তাহলে এর অবসানের জন্য একটি মানসিক প্রস্তুতি রেখো। নিজেকে জিজ্ঞেস করো যে তুমি নিজের ওই ব্যক্তিগত লক্ষ্যগুলি পেতে চাও না কি সুখী হওয়ার সুযোগগুলি ছেড়ে দিতে চাও? না কি তুমি সুখী হতে চাও এবং নিজের সম্ভ্রম ছেড়ে দিতে চাও – যা তোমার অহং দাবি করে।

যারা বৃহত্তর আনন্দ এবং মহত্তর উৎকর্ষতা চায় তাদের জন্য জীবনের দর্শন হল গঠনমূলক পরোপকারিতার দর্শন । সত্যিকারের সুখী সর্বদাই লড়াকু, আশাবাদী। আশাবাদের অন্তর্গত কেবল পরোপকারিতা নয় বরং এর অন্তর্গত হল সামাজিক দায়বদ্ধতা, সামাজিক সাহস ও বস্তুমুখিনতা । এই শ্রেণির অন্তর্ভুক্ত নরনারী পূর্ণবয়স্ক মানুষের মতো জীবনকে দৃঢ়তার সঙ্গে স্বীকার করে বাস্তবতার সম্মুখীন হয় । ধৈর্যের দ্বারা জ্ঞানের সঙ্গে করুণার সংযোগ ঘটায়, জীবনের উৎসাহের সঙ্গে হাস্যময়তার ভাবনাকে যুক্ত করে – এককথায় তারাই হল সম্পূর্ণ মানুষ। শ্রেষ্ঠ জীবন সর্বদাই সক্রিয়ভাবে পরোপকারের সঙ্গে নিজের জীবনদর্শনকে মেলাতে চায়। এটাই সন্তুষ্ট জীবন এবং মানুষ হয়েও সুখী থাকার একমাত্র উপায়।

সুখী হওয়ার উপকরণগুলি এতই সহজ যে সেগুলি এক হাতের আঙুলেই গুনে নেওয়া সম্ভব। সুখ-শান্তি আসে নিজের ভিতর থেকে এবং আধারিত হয় সহজ ভালোত্ব এবং স্বচ্ছ অন্তরাত্মার উপর। এ পথে ধর্ম আবশ্যক নয়, কিন্তু এটি নৈতিক আদর্শের উপর নির্ভরশীল। দর্শন ছাড়া এই সুখ, এই শান্তি কেউ অর্জন করেনি। অন্যভাবে এটি অর্জিত হয়েছে, এমনটা জানা যায় না । এর শত্রু স্বার্থপরতা। অন্যকে আনন্দ দেওয়াই আসলে নিজের আনন্দ । ভিড়ের মধ্যে অনেকটা সময় জুড়ে একে কখনওই প্রায় পাওয়া যায় না। বরং একে সহজেই পাওয়া যায় নির্জনতা ও চিন্তনের মুহূর্তে । একে কেনা যায় না, বাস্তবে এব সঙ্গে অর্থের কমই যোগ রয়েছে।

নিজের প্রতি যথেষ্ট সন্তুষ্টি না থাকলে কেউই সুখী থাকতে পারে না। এজন্য শান্তির খোঁজ অনিবার্যভাবে প্রয়োজন হয় এবং যা শুরু হয় আত্মপরীক্ষার মাধ্যমে। করার আছে অনেক কিছুই কিন্তু করা হয়েছে খুব কমই । এই আত্মসমীক্ষার সন্ধানের উপরে নির্ভর করে সেইসব গুণের আবিষ্কার যা কোনও মানুষকে ব্যতিক্রমী করে তোলে। এবং যার উন্নতি একমাত্র নিয়ে আসে সন্তুষ্টি। সুতরাং আনন্দের জন্য কোনও কার্যক্রম তৈরি করতে হলে তা হবে – জীবনে সীমিত জিনিসে সন্তুষ্ট থাকা, বিলাসিতার বদল সৌকর্ষের সন্ধান, কেতার চেয়ে সূক্ষ্মতাকে গুরুত্ব দেওয়া, যোগ্য হয়ে ওঠা, কঠিন অধ্যয়নে থাকা, শান্তভাবে চিন্তা করা, মধুর কথা বলা, অকপট ভাবে কাজ করা, মুক্ত হৃদয়ে পাখি, নক্ষত্র, শিশু ও সাধুদের শোনা, সবকিছু সানন্দে বহন করা, সাহসিকতার সঙ্গে সবকিছু করা, কখনওই তাড়াহুড়ো না করা এবং সাধারণ জীবনের মধ্যে আধ্যাত্মিকতা ও অচেতনকে বিকশিত করা । এটা মনে রাখতে হবে, কোনও সরকারই এ কাজ তোমার জন্য করতে পারবে না, এটা তোমার জন্য তোমাকেই করতে হবে।

*(শব্দসংখ্যা: 559)*

**Q4. নিম্নলিখিত গদ্যাংশটি ইংরেজি অনুবাদ করুন : 20**

গোটা বিশ্বে আতঙ্কবাদ মানবতার সবচেয়ে বড়ো বিপদ হয়ে উঠেছে। আমেরিকা, ভারত, ইজরাইল প্রভৃতি দেশ আতঙ্কবাদের থাবা থেকে বের হওয়ার জন্য লড়াই করে চলেছে। কিন্তু এই ফাঁদ নিরন্তর কঠিন হয়ে উঠেছে। প্রায় দিনই সংবাদপত্রের প্রথম পাতায় বড়ো বড়ো করে এই আতঙ্কবাদীদের ঘৃণ্য কাজের উল্লেখ থাকে। দিন শুরু হয় এইসব ভয়াবহ খবরের মাধ্যমে। না জানি কত নির্দোষ মানুষকে এরা নিজেদের স্বার্থে বলি দেয়।

স্বাধীনতার পরে কিছু মানুষ বিদেশি শক্তির প্রভাবে ভারতে এই আতঙ্কবাদের বীজ বুনেছিল। এর শিকড় সারা দেশে এখন এমনভাবে ছড়িয়ে পড়েছে যে, ফলে অবস্থা হয়ে উঠেছে অত্যন্ত শোচনীয়। কাশ্মীরে এই আতঙ্কবাদ ভয়াবহ-রূপে বিদ্যমান। ওখানকার অধিবাসীরা এখন শরণার্থীর মতো বেঁচে আছে। ওখানে প্রতিটা দিন এতটা ভীতির আবহে কাটে যে, সবসময়ই মনে হয় কি জানি আজ কী হবে! শুধু কাশ্মীরই নয় – আসাম, বাংলা, নাগাল্যান্ড ইত্যাদি রাজ্যও আতঙ্কবাদীদের দ্বারা আতঙ্কিত হয়ে আছে। এই সব রাজ্যে আইন ও ব্যবস্থা ঝুঁকিপূর্ণ হয়ে আছে। সেনা এবং পুলিশ এই সমস্যাকে দেশ থেকে দূর করতে একযোগে কাজ করে চলেছে। আতঙ্কবাদ দূর করতে সরকারও নানা উপায় গ্রহণ করছে ঠিকই, কিন্তু এই বিষয়ে জনসাধারণেরও সহযোগ প্রয়োজন। যদি সবাই নিজেদের ব্যক্তিগত ধর্মীয় স্বার্থ এবং প্রাদেশিকতাকে অস্বীকার করে ভারতীয় হিসেবে বাঁচে তবে এই ধরনের সমস্যা চিরকালের জন্য শেষ হতে পারে। কোনও প্রকৃত মানুষ অন্য একজন মানুষের ক্ষতি করতে পারে না, কারণ আতঙ্কবাদ হল পাশবিকতা। সর্বসম্মতভাবে এবং সংগঠিত হয়ে এই সমস্যাকে বিশ্ব থেকে শেষ করতে সকলকে সহযোগী হতে হবে। পাশাপাশি শান্তি ও সৌহার্দ্যের ভাবনাকে প্রতিষ্ঠিত করতে হবে। আর তখনই দেশ ও সমাজ প্রগতির পথে এগিয়ে যেতে থাকবে।

**Q5. নিম্নলিখিত গদ্যাংশটি বাংলায় অনুবাদ করুন :** *20*

Healthy children are an essential component of an effective education system. Good health reduces absenteeism and dropouts and increases scholastic performance. An effective school health programme is one of the most cost-effective approaches in improving community health. School health activities contribute to healthy lifestyles, thus leading to a healthy future generation. School children also communicate the health-related information gained in schools to their families and neighbourhood, contributing to improved family and community health. The functions of school health services include detection and treatment of defects, creation and maintenance of hygienic environment in and around the school, provision of school meals, and improvement of nutritional status of children. This may be further enlarged to include health check-ups and immunisation campaigns.

**Q6. (a) বিপরিতার্থক শব্দ লিখুন :** *2×5=10*

(i) গেঁয়ো *2*

(ii) সরব *2*

(iii) আশা *2*

(iv) আগমন *2*

(v) বাস্তব *2*

**(b) বিশিষ্টার্থে বাক্যে প্রয়োগ করুন :** *2×5=10*

(i) অকালকুষ্মাণ্ড *2*

(ii) কলুর বলদ *2*

(iii) টনক নড়া *2*

(iv) নখ দর্পণে *2*

(v) হাল ছাড়া *2*

(c) **ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন :** *2×5=10*

(i) হাটবাজার *2*

(ii) আশাহত *2*

(iii) মহারাজ *2*

(iv) পঞ্চনদ *2*

(v) বিশ্রী *2*

(d) **অশুদ্ধি সংশোধন করুন :** *2×5=10*

(i) আকাঙ্খা *2*

(ii) এতদ্দারা *2*

(iii) কাঁচ *2*

(iv) সমিচিন *2*

(v) মরিচিকা *2*